গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল।

# সিটিজেন চার্টার

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এবং দারিদ্র বিমোচন কৌশল পত্র (PRSP) এর আলোকে নারী উন্নয়নে বিভিন্ন কার্যক্রম ও কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে। মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রদেয় বিভিন্ন সেবা ও কর্মসূচি সমূহের বিবরণ ঃ

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তির স্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধিতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল নম্বর) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) | ক্ষুদ্র দল তথ্য সংগ্রহপূর্বক ইউনিয়ন কমিটিতে প্রেরণ করে। ইউনিয়ন কমিটি যাচাই-বাছাই করে উপজেলা কমিটিতে প্রেরণ করে। উপজেলা কমিটি আপত্তি থাকলে নিষ্পত্তিপূর্বক উপকারভোগীর তালিকা অনুমোদন করে। অনুমোদিত তালিকা মোতাবেক উপকারভোগীদের নামে কার্ড ইস্যু করা হয়। | ➢ আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি-৪ কপি<br>➢ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-২ কপি<br>➢ নির্ধারিত বয়সসীমা (২০-৫০) বছর, ক্ষুদ্র দলের নিকট তথ্য দিতে হবে।<br>➢ প্রাপ্ত তথ্যানুযায়ী ইউনিয়ন কমিটি অনলাইনে উপকারভাগীদের ডাটা এন্ট্রি পূর্বক তালিকা প্রস্তুত করে।<br>➢ ইউনিয়ন পরিষদ (সকল)/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল। | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়।<br>➢ উপকারভোগীদের ইউনিয়ন পরিষদে মহিলা বিষয়ক কর্মকর্তা বা তাঁর প্রতিনিধি/ ট্যাগ অফিসার/এনজিও কর্মীর উপস্থিতে খাদ্য বিতরণ করা হয়।<br>➢ চুক্তিবদ্ধ এনজিও এর মাধ্যমে সচেতনতামূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ দেয়া হয়। | ➢ ২৪ মাস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০২ | ডব্লিউটিসি প্রশিক্ষণ কার্যক্রম :<br>(ক) আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী | নির্ধাতির ফরমে আবেদন করতে হয়। উপজেলা কমিটির মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। | ➢ নির্ধারিত আবেদন ফরম,<br>➢ ২ কপি পাসপের্ট সাইজের ছবি,<br>➢ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-২ কপি।<br>➢ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল। | ➢ বিনামূল্যে প্রশিক্ষণ সেবা প্রদান করা হয় এবং<br>➢ উপস্থিতি নিশ্চিত সাপেক্ষে প্রশিক্ষণার্থীকে সরকার প্রদত্ত ভাতা প্রদান করা হয়। | ➢ প্রশিক্ষণের মেয়াদ ৬০ দিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০৩ | আইজিএ, প্রশিক্ষণ প্রকল্প :<br>(ক) ফ্যাশন ডিজাইন<br>(খ) ক্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং | নির্ধাতির ফরমে অনলাইলে আবেদন করতে হয়। উপজেলা কমিটির মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। | ➢ নির্ধারিত আবেদন ফরম,<br>➢ ২ কপি পাসপের্ট সাইজের ছবি,<br>➢ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-২ কপি।<br>➢ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল। | ➢ বিনামূল্যে প্রশিক্ষণ সেবা প্রদান করা হয় এবং<br>➢ উপস্থিতি নিশ্চিত সাপেক্ষে প্রশিক্ষণার্থীকে সরকার প্রদত্ত ভাতা প্রদান করা হয়। | ➢ প্রশিক্ষণের মেয়াদ ৬০ দিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০৪ | মা ও শিশু সহায়তা কর্মসূচি | সেবা প্রত্যাশী মহিলাদেরকে ইউনিয়ন কমিটির তালিকা ভূক্ত হতে হবে। ইউনিয়ন কমিটি বিধি-বিধান অনুসরণ পূর্বক অনলাইনে এন্ট্রির মাধ্যামে তালিকা প্রস্তুত করে | ➢ নির্ধারিত আবেদন ফরম,<br>➢ পাসপের্ট সাইজের ছবি ০২কপি, | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়। | ➢ এই সেবা প্রদানের মেয়াদ ৩৬ মাস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৪১২ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | উপজেলা কমিটিতে প্রেরণ করে। আপত্তি থাকলে নিষ্পত্তি পূর্বক উপজেলা কমিটি তালিকা অনুমোদন করে। অনুমোদিত তালিকা মোতাবেক উপকারভোগীদের স্ব-স্ব নামে ব্যাংক/মোবাইল ব্যাংকে হিসাব খুলতে হয়। উপকারভোগীদের নামে খোলা ব্যাংক/মোবাইল ব্যাংক হিসাবের মাধ্যমে সেবা প্রদান করা হয়। | ➢ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ০১ কপি<br>➢ জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বয়স ২০-৩৫<br>➢ গর্ভধারণের সনদ।<br>➢ এএনসি কার্ড (গর্ভকালীন সেবার কার্ড)<br>➢ নাগরিক সনদ<br>➢ নমিনীর আইডি কার্ডের ফটোকপি ১টি ও পাসপোর্ট সাইজের ছবি ১ টি<br>➢ ইউনিয়ন পরিষদ (সকল)/ পৌরসভা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল। | ➢ চুক্তিবদ্ধ এনজিও এর মাধ্যমে সচেতনতামূলক প্রশিক্ষণ এবং স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।<br>➢ মাসিক ভাতার পরিমান ৮০০/= ব্যাংক/এজেন্ট ব্যাংক/মোবাইল ব্যাংকের মাধ্যমে স্ব স্ব উপকারভোগীর নিজস্ব হিসাব নম্বরে EFT পদ্ধতিতে ভাতা বিতরণ করা হয়। | | ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০৫ | মহিলাদের আত্ম-কর্মষ্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | সেবা প্রত্যাশী মহিলা নির্ধারিত ফরমে আবেদন করবেন। উপজেলা কমিটির মাধ্যমে এই সেবা প্রদান করা হয়। | ➢ নির্ধারিত আবেদন ফরম<br>➢ ২ কপি পাসপোর্ট সাইজের ছবি<br>➢ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি<br>➢ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউপি সদস্য কর্তৃক নাগরিকত্ব সনদ,<br>➢ নন-জুডিশিয়াল স্ট্যাম্প।<br>➢ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল। | ➢ ঋণ বিতরণের পর দুইমাস কোন কিস্তি পরিশোধ করতে হয় না।<br>➢ ৫% সার্ভিস চার্জসহ মাসিক কিস্তি হিসেবে মোট ১০ কিস্তিতে পরিশোধ করতে হয়। | ➢ ১২/২৪ মাস মেয়াদে এই সেবা প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০৬ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি রেজিষ্ট্রেশন ও অনুদান প্রদান | স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রেজিষ্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন পত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে অনলাইনে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল বরাবর প্রেরণ করতে হবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সমিতি পরিদর্শনপূর্বক রিপোর্টসহ উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন। রেজিষ্ট্রশন প্রাপ্তির মেয়াদ ২ (দুই) বছর পূর্ণ হওয়ার পর অনুদানের জন্য আবেদন করা যায়। | ➢ নির্ধারিত আবেদনপত্র,<br>➢ ট্রেজারী চালানের কপি,<br>➢ পরিদর্শন রিপোর্ট,<br>➢ সাধারণ সদস্যদের নামের তালিকা, কার্যনির্বাহী কমিটির নামের তালিকা, আসবাবপত্র ও যন্ত্রপাতির তালিকা, সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্র ও রেজুলেশনের কপি।<br>➢ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | ➢ নিবন্ধন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং<br>➢ নিবন্ধনের পর নবায়ন ফি প্রতি বছর ২,০০০/- (দুই হাজার) টাকা সরকারি কোষাগারে জমা দিতে হয়। | ➢ স্বেচ্ছাসেবী মহিলা সমিতি রেজিষ্ট্রেশন সারা বছর চলমান।<br>➢ অনুদান প্রতি বছর একবার। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০৭ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ/ বাল্যবিবাহ প্রতিরোধ/ নারী ও শিশু পাচার প্রতিরোধ | উপজেলা পর্যায়ে গঠিত নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ/বাল্যবিবাহ প্রতিরোধ/নারী ও শিশু পাচার প্রতিরোধ কমিটি সালিশীর মাধ্যমে সেবা প্রদান করে। সালিশ অমান্যের ঘটনা ঘটলে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে সমাধানের উদ্যোগ গ্রহণ করা হয়। | ➢ সেবা প্রত্যাশী ঘটনার বিবরণ ও সালিশনামাসহ উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রতিকার চেয়ে আবেদন করতে হবে। | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়।<br>➢ সেবা পেতে টোল ফ্রী নম্বরে ফোন করা যায় ঃ<br>➢ ১০৯<br>➢ ৯৯৯ | ➢ চলমান কর্মসূচি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ➢ ৩৩৩ | | |
| ০৮ | জয়িতা অন্বেষণে বাংলাদেশ | তৃণমূল পর্যায়ে যারা শিকড় থেকে শিখরে উপনীত হয়েছেন তাঁরা পৌরসভার মেয়র/কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর আবেদন করবেন। ৫ টি ক্যাটাগরিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরেজমিন যাচাই-বাছাই পূর্বক উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে জয়িতা নির্বাচন করা হয়। | ➢ নির্ধারিত আবেদনপত্র,<br>➢ জীবন বৃত্তান্ত,<br>➢ ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি<br>➢ জাতীয় পরিচয়পত্রের ০২ কপি ফটোকপি।<br>➢ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়/মেয়র, পৌরসভা/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ এর কার্যালয়। | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়।<br>➢ উপজেলা/জেলা/বিভাগীয় পর্যায়ে নির্বাচিত জয়িতাদের সংবর্ধনা ও সম্মাননা প্রদান করা হয়। | ➢ বছরে ১ (এক) বার এই সেবা প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ০৯ | উদ্বুদ্ধকরণ ও সচেতনামূলক কার্যক্রম | তৃণমূল পর্যায়ে যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ/ নারীর প্রতি সহিংসতা রোধ/ বিবাহ নিবন্ধন/জন্মনিবন্ধন/ শিশু শ্রম/ জেন্ডার সমতা/ যৌন হয়রানী/ নারীর ক্ষমতায়ন/ নারী ও শিশুর অধিকার/ নারী ও শিশু পাচার রোধ/ বিশুদ্ধ পানির ব্যবহার/পুষ্টির গুনাগুন প্রভৃতি বিষয়ে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা হয়। | ➢ এই সেবা পেতে আবেদন করার প্রয়োজন নেই। আলোচনা সভা, পথসভা ও উঠান বৈঠকের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়। | ➢ চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ১০ | দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর আবেদন করতে হয়। জেলা কমিটি আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সুপারিশসহ বোর্ড অব ট্রাস্টিতে প্রেরণ করে। বোর্ড অব ট্রাস্টির অনুমোদন সাপেক্ষ এই সেবা প্রদান করা হয়। | ➢ নির্ধারিত আবেদনপত্র<br>➢ পাসপোর্ট সাইজের ছবি ২ কপি,<br>➢ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ কপি<br>➢ স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়নপত্র ১ কপি<br>➢ চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র মূল ১ কপি<br>➢ আইনগত সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্র<br>➢ শিক্ষার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র মূল ১ কপি | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়। | ➢ চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |
| ১১ | কিশোর-কিশোরী ক্লাব | ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীদের বিভিন্ন সৃজনশীল, গঠনমূলক ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জীবন দক্ষতা বৃদ্ধি। এছাড়া ক্যারাটে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ব্যক্তিগত নিরাপত্তাসহ নারী নির্যাতনরোধে কিশোর-কিশোরীদের সক্ষম করে গড়েতোলা হয়।<br>১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরীদের মনো-সামাজিক আচরণ, একে অপরের প্রতি শ্রদ্ধশীল সম্পর্ক, সমমনোভাবাপন্ন, সেক্সুচুয়াল এন্ড রিপ্রোডাক্টিভ হেলথ এন্ড রাইটস (SRHR) প্রতিহত করণে দক্ষতা উন্নীতকরণ এবং জেন্ডার বেইজড ভায়োলেন্স (GBV) প্রতিরোধে বিভিন্ন ধরনের সচেতনতামূলক ব্যবস্থা সম্পর্কে অবহিতকরণ করা হয়। | ➢ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>➢ ইউনিয়ন পরিষদ।<br>➢ নির্ধারিত স্কুল ক্লাব সমূহ। | ➢ বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়। | ➢ চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>বাসাইল, টাঙ্গাইল<br>ফোন ঃ ০২৯৯৭৭৫৫৪১২<br>ই-মেইলঃ uwaobasail22@.com |